

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

কোন ধনী ব্যক্তি অন্যের অধিকার আদায়ের ব্যাপারে টালবাহানা করলে অথবা কেউ কাউকে কোন ব্যাপারে অপবাদ দিলে এবং লোকটিও সে ব্যাপারে সন্দেহভাজন হলে তাকে জেলে আটকে রাখা হবে যতক্ষণ না সে উক্ত ব্যাপারে সুস্পষ্ট উক্তি করে।

শারীদ্ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসুল সাল্লাল্লাল্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

لَيُّ الْوَاجِدِ يُحِلُّ عِرْضَهُ وَعُقُوْبَتَهُ.

''ধনী লোকের টালবাহানা তার ইয্যত বিনষ্ট করা এবং তাকে শাস্তির সম্মুখীন করাকে জায়িয করে দেয়''। (আবূ দাউদ ৩৬২৮)

মু'আবিয়া বিন্ 'হাইদাহ্ (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি তার দাদা থেকে বর্ণনা করেন:

حَبَسَ النَّبِيُّ ؟ رَجُلًا فِيْ تُهْمَةٍ.

''নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনৈক ব্যক্তিকে অপবাদের ভিত্তিতেই আটক করেন''। (আবূ দাউদ ৩৬৩০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6702

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন